

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৭৮

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَشْرَبُوا وَاحِدًا كَشُرْبِ الْبَعِيرِ وَلَا تَشْرَبُوا وَاحِدًا كَشُرْبِ الْبَعِيرِ وَلَكِنِ اشْرَبُوا مَثنى وثُلاثَ وَسَمُّوا إِذَا أَنْتُمْ شَرِبْتُمْ وَاحْمَدُوا إِذَا أَنْتُمْ رفعتُم» . رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

8২৭৮-[১৬] উক্ত রাবী [ইবনু 'আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা উটের ন্যায় এক শ্বাসে পান করবে না; বরং দু' কিংবা তিন শ্বাসে পান করবে। আর যখন পান করবে (শুরুতে) বিসমিল্লা-হ পড়বে এবং যখন (পানান্তে) পেয়ালা মুখ হতে আলাদা করবে, তখন আলহামদুলিল্লা-হ বলবে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১৮৮৫, য'ঈফল জামি' ৬২৩৩, রিয়াযুস সলিহীন ৭৬২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ''ইয়াযীদ ইবনু সিনান আত্ তামীমী''। ইনি য'ঈফুল হাদীস। এছাড়াও 'আত্বা ইবনু আবূ রবাহ-এর ছেলে য'ঈফ। ইবনু হাজার তাকে য'ঈফ বলেছেন। বিস্তারিত দেখুন- ''আল জারহু ওয়াতৃ তা'দীল'' গ্রন্থ, জাওয়ামি'উল কালিম সফ্টওয়্যার।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (وَسَمُّوا إِذَا أَنْتُمْ شَرِبُتُمْ) যখন তোমরা পান করার ইচ্ছা পোষণ কর, বল- "বিসমিল্লা-হি" আর যখনই পাত্রকে মুখ থেকে সরাবে অথবা পানের শেষে আল্লাহর প্রশংসা করবে। এমনটি মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) বলেছেন।

আমি (ভাষ্যকার) বলি : হাফিয ইবনু হাজার (রহিমাহুল্লাহ) তিনি ফাতহুল বারীতে হাদীস নিয়ে এনেছেন যা



ত্ববারানীতে এসেছে সহীহ সনদে।

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَشْرَبُ فِي ثَلَاثَةِ أَنْفَاسٍ إِذَا أَدْنَى الْإِنَاءَ إِلَى فِيهِ يسمي الله فإذا أخره حمد الله بفعل ذلك ثلاثا

আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিন নিঃশ্বাসে পান করতেন। আর যখনই পাত্রকে মুখের নিকট নিয়ে আসে তখন বিসমিল্লা-হ বলতেন আর যখন বিলম্বিত করতেন আলহামদুলিল্লা-হ বলতেন এমনটি তিনবার করেছেন।

মূলত হাদীসটির উদ্দেশ্য পানের শুরুতে বিসমিল্লা-হ এবং শেষে আলহামদুলিল্লা-হ বলা।

(তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন